

তারিখ
পৃষ্ঠা - ৩ - কলাম - ৪

সরকার অনুরোধ করলে
বাংলাদেশী ছাত্রদের জন্য
কানাডা আরো শিক্ষাবৃত্তি দেবে
-কানাডীয় হাইকমিশনার

টাকা বিপোর্টার : কানাডায় উচ্চ শিক্ষা সংক্রান্ত দিনব্যাপী এক শিক্ষামেলা গতকাল (বৃহস্পতিবার) ঢাকার হোটেল শেরাটনে অনুষ্ঠিত হয়। কানাডার ব্যাচনামা ৯টি কলেজ ও বিশ্ববিদ্যালয় এই শিক্ষামেলার অংশ নিয়ে সেন্ট্রাল বাংলাদেশের মেধাবী ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এটির পছন্ডি এবং অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ প্রদান করে।

শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন গতকাল প্রধান অতিথি হিসেবে এই কানাডিয়ান শিক্ষামেলার উদ্বোধন করে বলেন, আমরা চাই আমাদের মেধাবী ছাত্র-ছাত্রীরা উন্নত বিশ্বের সেরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উচ্চশিক্ষা গ্রহণ করে আরো সুশিক্ষিত হয়ে ফিরে এসে দেশের সেবা করুক। তিনি বলেন, এদেশে বহু মেধাবী ছাত্র-ছাত্রী রয়েছে তারা, যাদের নামকরা কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছুক। কিন্তু কেবল অর্থনৈতিক কারণেই তাদের পক্ষে বিশেষ গিয়ে পড়াশুনা করা সম্ভব নয়। এ অবস্থায় কানাডায় কোন ব্যক্তিমান বিশ্ববিদ্যালয় যদি এদেশে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলে তবে সরকার সব ধরনের সহযোগিতা দেবে এবং প্রয়োজন পোষণও গ্রহণ করবে। তিনি বাংলাদেশের ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার জন্য শিক্ষাবৃত্তির পরিমাণ বাড়াতে কানাডা সরকারের প্রতি আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকায় কানাডীয় হাইকমিশনার পেরি ক্যাম্পবেল ও বক্তব্য রাখেন হাইকমিশনার ক্যাম্পবেল বলেন, বর্তমানে কানাডায় বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ১ লাখ ৪০ হাজার ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে। এর মধ্যে বাংলাদেশী ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১৪শ'। এরা কানাডায় অত্যন্ত ভালো করছে। কানাডায় উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সরকারী পর্যায়ে উদ্যোগ নিয়ে তেমন কোন বাংলাদেশী ছাত্র-ছাত্রীকে পাঠানো হচ্ছে না অভিযোগ করে তিনি বলেন, বাংলাদেশ থেকে কানাডায় গিয়ে যাওয়া খরচাপড়া কনডে তাদের প্রায় সবাই বেসরকারী পর্যায়ে এবং সম্পূর্ণ ব্যক্তিগত উদ্যোগে যাক। অল্প সরকারি অনুদান করলে বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের জন্য কানাডা আরো বেশী শিক্ষাবৃত্তি দিতে পারে এবং সরকারী উদ্যোগে ছাত্র-ছাত্রী পাঠানো হলে এদেশি শিক্ষা বর্ধিত একদিকে যেমন কয়েক পড়বে, অন্যদিকে সুযোগ-সুবিধাও থাকবে বেশী।

গতকাল এই শিক্ষা মেলায় কানাডার সেরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রায় ১৫০-এরও বেশি ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব উইডসর, ইউনিভার্সিটি অব নিউ ফ্রান্সউইক, সেইন্ট যাবি'স ইউনিভার্সিটি, উইলফ্রেড লেরবার ইউনিভার্সিটি, ল্যাবনটিয়ান ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি কলেজ অব দ্য ক্যাম্ব্রিজ, কেমব্রিজ কলেজ এবং সেন্ট্রাল কলেজ অব এগ্রাইভ আর্টস এড টেকনোলজী। গতকাল সাহায্যে প্রায় আড়াই হাজার ছাত্র-ছাত্রী ও অভিভাবক এই শিক্ষামেলা পরিদর্শন করেন। এ উপলক্ষে একটি সেমিনারও অনুষ্ঠিত হয়।